**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

স্মারক নং: ৩৭.০২.৯০৮৯.০০০.০৯.০০৪.১৯- ৫২৮ তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

বিষয়: **রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ মহোদয়ের পত্র নং- ০৫.৪৬.৯০৮৯.০০০.০৫.০২৬.২০.১৩০৮ তারিখ: ০৫/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিতী উপলক্ষে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক "মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ" শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে আগামী ২০/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে উক্ত প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে চূড়ান্ত নির্বাচিত/বিজয়ী প্রথম ১০০ (একশত) জন নবম থেকে দ্বাদশ ও সমমানের ছাত্র-ছাত্রীকে ০২ (দুই) বছরের জন্য জনপ্রতি মাসিক ২০০০ (দুই হাজার) টাকা করে "মানবাধিকার বৃত্তি" নামে বৃত্তি প্রদান করা হবে।

এমতাবস্থায়, তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট থেকে স্বহস্তে লেখা রচনাগুলি যথাযথভাবে মূল্যায়নপূর্বক (প্রতিষ্ঠান পর্যায়ের মূল্যায়ন কমিটি কর্তৃক) সেরা ১০ (দশ) টি রচনা আগামী ১৯/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: **নির্দেশিকা।**

০৬/০৯/২০২১
(অশোক রঞ্জন পুরকায়স্থ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সকল)
...............................................কলেজ/স্কুল/মাদ্রাসা।

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে)
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
২। সংরক্ষণ নথি।

বিঃদ্রঃ-
ক) প্রতিষ্ঠান পর্যায়ের মূল্যায়ন কমিটির কাঠামো;

| | |
|---|---|
| প্রতিষ্ঠান প্রধান | - আহবায়ক |
| সহকারী শিক্ষক (বাংলা) | - সদস্য |
| সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | - সদস্য |

(প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করা যাবে)

খ) নবম ও দশম (সমমান) শ্রেণির প্রতিযোগী সমন্বয়ে 'ক' গ্রুপ সর্বোচ্চ ৭০০ শব্দে রচনা লিখবে;
গ) একাদশ ও দ্বাদশ (সমমান) শ্রেণির প্রতিযোগী সমন্বয়ে 'খ' গ্রুপ সর্বোচ্চ ১২০০ শব্দে রচনা লিখবে।

Uno

## 'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ' শিরোনামে আয়োজিত রচনা প্রতিযোগিতার প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকাঃ

**মাঠ পর্যায়ঃ**

০১. নবম ও দশম (সমমান) শ্রেণীর প্রতিযোগী সমন্বয়ে 'ক' গ্রুপ সর্বোচ্চ ৭০০ শব্দে রচনা লিখবে;

০২. একাদশ ও দ্বাদশ শ্রেণী (সমমান) প্রতিযোগী সমন্বয়ে 'খ' গ্রুপ সর্বোচ্চ ১২০০ শব্দে রচনা লিখবে;

০৩. স্থানীয় প্রশাসন হতে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষক ও অধ্যক্ষের নেতৃত্বে এতদসংক্রান্ত একটি কমিটি গঠন করবে;

০৪. রচনাগুলি যথাযথভাবে মূল্যায়নপূর্বক সেরা ১০টি রচনাসহ উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল নং, প্রতিষ্ঠানের নাম, ফোন/মোবাইল নং ইত্যাদি উল্লেখ করে 'উপজেলা বাছাই কমিটি'-এর সদস্য সচিব বরাবর প্রেরণ করবে;

০৫. প্রতিটি উত্তরপত্রে পরিদর্শকের স্বাক্ষর থাকতে হবে;

০৬. প্রতি উপজেলায় উভয় গ্রুপ হতে সর্বোচ্চ ১০ জন করে প্রতিযোগী বাছাই হয়ে জেলা পর্যায়ে সরাসরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;

০৭. প্রতি জেলা হতে উভয় গ্রুপের সেরা ২০টি (১০+১০) রচনা নির্বাচনপূর্বক সীল গালা করে 'জেলা বাছাই কমিটি'-এর পক্ষ হতে জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করবে;

**কেন্দ্রিয় পর্যায়ঃ**

০১. কমিশন কর্তৃক বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে দুটি গ্রুপে মোট (৬৪ × ১০)= ৬৪০টি এবং (৬৪ × ১০)=৬৪০টি সর্বমোট ১২৮০টি রচনার মধ্যে প্রথম ধাপে (১৫০+১৫০)= ৩০০ টি রচনা বাছাই করা হবে; জেলাওয়ারি রচনা বাছাইয়ে ০৩ (তিন) জন সমন্বয়ে বিশেষজ্ঞ প্যানেলের কাছে রচনা প্রেরণের অনুপাত হবে (২১+২১+২২) জেলা হিসেবে;

০২. প্রথম ধাপে প্রাপ্ত ৩০০টি রচনা হতে ১৫০টি রচনা (৭৫+৭৫) দ্বিতীয় ধাপে যাচাই-বাছাই করা হবে;

০৩. তৃতীয় ধাপে প্রাপ্ত ১৫০টি রচনা হতে অনলাইন মাধ্যমে প্রতিযোগিদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং চূড়ান্তভাবে ১০০টি রচনা বাছাই করা হবে। এতে সরাসরি/জুম প্লাটফর্মে প্রতিযোগিদের কাছে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা, মূল্যবোধ সম্পর্কিত কিছু প্রশ্ন করা হবে। প্রশ্নের উত্তর সঠিকভাবে প্রদানের

ভিত্তিতে সেরা ১০০ জন বাছাই করা হবে (এই ১০০ জনকে দুই বছরের জন্য মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান করা হবে;

০৪. বাছাইকৃত ১০০টি (৫০+৫০) রচনা নিয়ে কমিশন থেকে একটি গ্রন্থ প্রকাশ করা হবে;

০৫. জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখ 'মানবাধিকার দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ১০০ জন সেরা প্রতিযোগীকে পুরস্কার, সার্টিফিকেট ও দুই বছর মেয়াদে মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হবে।

## রচনা প্রতিযোগিতার সম্ভাব্য সময়সীমাঃ

| পর্যায় | মাস/ কার্যক্রম | আগস্ট ২০২১ | সেপ্টেম্বর ২০২১ | অক্টোবর ২০২১ | নভেম্বর ২০২১ | ডিসেম্বর ২০২১ |
|---|---|---|---|---|---|---|
| মাঠ পর্যায় | সকল জেলা প্রশাসকের বরাবর ধারণাপত্র ও সময়সূচি প্রেরণ | ২৬.০৮.২০২১ | | | | |
| | বিভাগীয় কমিশনার পর্যায়ে প্রস্তুতি সভা অনুষ্ঠান | ৩১.০৮.২০২১ | | | | |
| | গণমাধ্যমে রচনা প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিজ্ঞাপন/এসএমএস প্রচার | ৩১.০৮.২০২১ হতে ০৭.০৯.২০২১ | | | | |
| | রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের রচনা যাচাই বাছাই ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটির কার্যক্রম | | ০১.০৯.২০২১ হতে ০৭.০৯.২০২১ | | | |
| | **রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের শিক্ষার্থীদের কাছ থেকে রচনা সংগ্রহের সময়সীমা** | | ১০.০৯.২০২১ হতে ২৫.০৯.২০২১ | | | |
| | **জেলা কমিটি হতে কমিশন বরাবর রচনা দাখিলের শেষ সময়** | | ২৮.০৯.২০২১ | | | |
| কেন্দ্রিয় পর্যায় | চূড়ান্ত বিজয়ী নির্বাচন সম্পন্নকরণ ও বিজয়ী ১০০ জনের নাম ঘোষণা | | | | ১৫.১১.২০২১ | |
| | বিজয়ীদের বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন | | | | | ১০.১২.২০২১ |